TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
*Social movement against corruption*

## সংবাদ বিজ্ঞপ্তি

# জাতির পিতা বঙ্গবন্ধুর ঘাতকদের বিচার কার্যকর করায় সন্তোষ প্রকাশ করেছে টিআইবি

**ঢাকা, ২৮ জানুয়ারি, ২০১০, বৃহস্পতিবার:** জাতির পিতা বঙ্গবন্ধুর ঘাতকদের মৃত্যুদণ্ড কার্যকর করায় সন্তোষ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। দীর্ঘ ৩৪ বছর পর হলেও বঙ্গবন্ধুর পাঁচ ঘাতকের ফাঁসি কার্যকর করার মধ্য দিয়ে জাতি দায়মুক্ত হলো।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, "জাতির পিতার ঘাতকদের মৃত্যুদণ্ড কার্যকর করার মধ্য দিয়ে গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠায় জাতি এক ধাপ এগিয়ে গেলো। একই সাথে বাংলাদেশের মাটিতে গণতান্ত্রিক প্রক্রিয়ার বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের যে ঠাঁই নেই তারই প্রমাণ দেয়া সম্ভব হলো।"

টিআইবি আশা করছে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বিদেশে পলাতক অন্যান্য ঘাতকদেরও দেশে ফিরিয়ে এনে অনতিবিলম্বে বিচার কার্যকর করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট রাষ্ট্র ও সরকারদের প্রতি সর্বাত্মক সহায়তা প্রদান করে ন্যায় বিচারের প্রতি তাদের শ্রদ্ধাশীলতার প্রমাণ দেওয়ার জন্য টিআইবি আহ্বান জানাচ্ছে।

গণমাধ্যম যোগাযোগ
এস. এম. রিজওয়ান - উল - আলম
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২